# ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সেশন পরিকল্পনায় পুনর্বিবেচনা

## বাংলা

ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছরেই চালু করা হলো বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে কিছুটা সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি।

ষাণ্মাসিক শিখনকালীন এবং সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ শ্রেনীতে মোট ৭টি শিখন অভিজ্ঞতার মূল্যায়ন করা হয়েছিল। বার্ষিক সামষ্টিক মূল্যায়নের আগে আরো বারোটি শিখন অভিজ্ঞতা সম্পন্ন করতে হবে। শিক্ষাবর্ষের পরিবর্তিত সময় অনুযায়ী (৫০-৫৫ মিনিট) প্রয়োজন হবে প্রায় ৫৬টি সেশন।

ষাণ্মাসিক শিখনকালীন এবং সামষ্টিক মূল্যায়নে সপ্তম শ্রেনীতে মোট ৮টি শিখন অভিজ্ঞতার মূল্যায়ন করা হয়েছিল। বার্ষিক সামষ্টিক মূল্যায়নের আগে আরো চোদ্দটি শিখন অভিজ্ঞতা সম্পন্ন করতে হবে। ২০২৩ শিক্ষাবর্ষের পরিবর্তিত সময় অনুযায়ী (৫০-৫৫ মিনিট) প্রয়োজন হবে প্রায় ৫৬টি সেশন।

**ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যে অভিজ্ঞতা গুলোর মুল্যায়ন হয়েছে –**

| ষষ্ঠ শ্রেণি | সপ্তম শ্রেণি |
|---|---|
| মর্যাদা বজায় রেখে যোগাযোগ করি | প্রসঙ্গ বজায় রেখে যোগাযোগ |
| প্রমিত ভাষার শিখি | ধ্বনির উচ্চারণ |
| শব্দের শ্রেণি | শব্দের উচ্চারণ |
| শব্দের অর্থ | শব্দের শ্রেণি ও বাক্যের শ্রেণি |
| যতিচিহ্ন | শব্দের গঠন |
| বাক্য | শব্দের অর্থ |
| চারপাশের লেখার সাথে পরিচিত হই | যতিচিহ্ন |
| | বাক্য |
| | চারপাশের লেখার সাথে পরিচিত হই |

**ষষ্ঠ ও সপ্তম শ্রেণির আরও ৬ টি করে অভিজ্ঞতা বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের পুর্বে শেষ করতে হবে –**

| শ্রেণি | অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা | পুর্ব পরিকল্পনা অনুযায়ী সেশন সংখ্যা | সামষ্টিক মূল্যায়নের পুর্বে যে কয়টি শ্রেণি সময় আছে (২৩ জুলাই – ১০ নভেম্বর) |
|---|---|---|---|
| ষষ্ঠ | ১২ টি | ৮৬ | ১৬ সপ্তাহে ৬৪ টি সেশন |
| সপ্তম | ১৪ টি | ১০০ | ১৬ সপ্তাহে ৬৪ টি সেশন |

এছাড়া, সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারনে শ্রেণিভেদে কয়েকটি সেশন অতিরিক্ত প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, কিছু নির্দেশনা প্রস্তাব করা হল যা অনুসরণ করে শিক্ষকগণ যথা সময়ে সিলেবাসের সকল শিখন অভিজ্ঞতা শেষ করতে পারবেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

## ষষ্ঠ শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **শিখন অভিজ্ঞতা ৮ - প্রায়োগিক লেখা** | শিক্ষক সহায়িকা অনুসারে শ্রেণি কার্যক্রম চলবে। | ৫ | ৫ |
| **শিখন অভিজ্ঞতা ৯ - বিবরণমূলক লেখা** | ১। সেশন ১ ও ২ এর 'ছবি দেখে অনুভূতি শনাক্তকরণ' এবং 'অনুভূতিকে বর্ণনামূলক ভাষায় প্রকাশ' কার্যক্রম দুটো একটি সেশনেই সম্পন্ন করা যাবে।<br>২। সেশন ৪-৫ এর কার্যক্রম এক সেশনেই সম্পন্ন করতে হবে যেভাবে: 'আমার দেখা নয়াচীন লেখাটি পাঠ' থেকে সরব পাঠ বাদ দেওয়া যেতে পারে এবং 'আমার দেখা নয়াচীন লেখার ধারণা ও বিষয়বস্তু নিয়ে আলোচনা' কার্যক্রম সময় ২০ মিনিট থেকে কমিয়ে ১০ মিনিটে সম্পন্ন করতে হবে ও প্রশ্ন-উত্তর লেখার পর উপস্থাপনের সময় কমিয়ে আনতে পারেন।<br>৩। সেশন ৬-৮ এর কাজগুলো ৬-৭ সেশনে আনতে পারেন যেভাবে: ২০০-৩০০ শব্দের না হয়ে লেখাটি ১৫০-২৫০ শব্দের লিখতে দিতে পারেন। | ৮ | ৫ |
| **শিখন অভিজ্ঞতা ১০ - তথ্যমূলক লেখা** | ১। সেশন ১ এর 'রোকেয়া সাখাওয়াত হোসেন রচনাটি পাঠ' থেকে সরব পাঠ বাদ দেওয়া যেতে পারে এবং 'রোকেয়া সাখাওয়াত হোসেন রচনার ধারণা ও বিষয়বস্তু নিয়ে আলোচনা' করে ফেলতে পারেন।<br>২। সেশন ২ 'তথ্যমূলক লেখার ধারণা নিয়ে আলোচনা' কার্যক্রম দুটির সময় উপস্থাপনের সময় কমিয়ে এক সেশনে শেষ করতে পারেন।<br>৩। সেশন ৩ এ 'তথ্যমূলক রচনার প্রস্তুতি' হিসেবে বিদ্যালয় নিয়ে লেখার কাজটি বাড়ি থেকে শিক্ষার্থীদের লিখে এনে শ্রেণিকক্ষে উপস্থাপনের জন্য প্রতি দলকে ২ মিনিট করে সময় দিয়ে সম্পন্ন করতে পারেন। এই কাজটি এক সেশনে শেষ না হলে সেশন ৪ পর্যন্ত সময় নেওয়া যেতে পারে। | ৭ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ১১ - বিশ্লেষণমূলক লেখা** | ১। সেশন ১-২ এর কাজগুলো একটি সেশনে সম্পন্ন করতে পারেন যেভাবে: 'কীটপতঙ্গের সঙ্গে বসবাস রচনাটি পাঠ' থেকে সরব পাঠ বাদ দেওয়া যেতে পারে। এছাড়া 'কীটপতঙ্গের সঙ্গে বসবাস রচনার ধারণা ও বিষয়বস্তু নিয়ে আলোচনা' এবং বিশ্লেষণমূলক লেখার ধারণা নিয়ে আলোচনা কার্যক্রম দুটি বড় দল একত্রে আলোচনা ও উপস্থাপনার মাধ্যমে কমিয়ে আনতে পারেন এক সেশনে সম্পন্ন করতে পারবেন।<br>২। এতে করে সেশন ৩-৪ এর কার্যক্রম সেশন ২ এ শিক্ষক সহায়িকা অনুযায়ী সম্পন্ন করতে পারবেন।<br>৩। সেশন ৪-৫ এর কাজটি একটি সেশনে সম্পন্ন করতে পারেন যেভাবে: বিশ্লেষণমূলক লেখার কাজটি বাড়ি থেকে লিখে এনে ক্লাসে বড় দলে আলোচনা ও উপস্থাপনার মাধ্যেমে কমিয়ে আনতে পারেন। | ৭ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ১২ - কল্পনানির্ভর লেখা** | শিক্ষক সহায়িকা অনুসারে শ্রেণি কার্যক্রম চলবে। | ৫ | ৫ |
| **শিখন অভিজ্ঞতা ১৩ - কবিতা** | ১। সেশন ১-২ এর 'কবিতা পড়ি ১ থেকে ৩' প্রতিটির জন্য 'পাঠ্যবইয়ের কবিতা নীরবে ও সরবে পাঠ করা' এবং 'পাঠ্যবইয়ের কবিতার বিষয় ও মূলভাব চিহ্নিত করে নিজের ভাষায় লেখা' কার্যক্রম দুটি একটি সেশনের মধ্যে সমাপ্ত করা যাবে।<br>২। সেশন ৩-৪ এর 'কবিতা পড়ি ১ থেকে ৩' প্রতিটির জন্য 'নিজের কল্পনা ও অনুভূতি দিয়ে কবিতা লেখা' এই কার্যক্রম বাড়িতে করতে দিয়ে 'কবিতার বৈশিষ্ট্য খুঁজে বের করা' এবং 'কবিতার বৈশিষ্ট্য অনুযায়ী নিজের লেখা যাচাই করা' কার্যক্রম দুটি একটি সেশনের মধ্যে সম্পন্ন করা যাবে। এতে করে সেশন ৫ এর কাজটি সেশন ৪ এর মধ্যেই সম্পন্ন করা সম্ভব হবে।<br>৩। সেশন ৫-৬ এর 'কবিতা পড়ি ১ থেকে ৩' প্রতিটির জন্য কবিতা লেখার কাজটি বাড়ি হতে করে আসতে বলতে পারেন। এরপর ক্লাসে বড় দলে আলোচনা ও শিক্ষক সবার লেখা পড়ে | ১৪ | ৯ |

| | | | |
|---|---|---|---|
| | মতামত দিবেন ও আলোচনা সংক্ষিপ্ত করতে সাহায্য করতে পারেন। | | |
| **শিখন অভিজ্ঞতা ১৪ - গান** | শিক্ষক সহায়িকা অনুসারে শ্রেণি কার্যক্রম চলবে। | ৩ | ৩ |
| **শিখন অভিজ্ঞতা ১৫ - গল্প** | ১। সেশন ১-৭ এর উভয় গল্পের জন্য 'গল্প নীরবে ও সরবে পাঠ করা' কাজ ১৫-২০ মিনিট সময়ের মধ্যে করে নেওয়া যাবে। এক্ষেত্রে পুরো পাঠটি আগে থেকেই শিক্ষার্থীদের বাড়ি থেকে পড়ে আসতে বলবেন এবং শ্রেণিকক্ষে পুরো পাঠের পরিবর্তে শুধুমাত্র নির্দিষ্ট অংশ সরব পাঠ করাবেন। এখানে সেশন ১-৭ এর কার্যক্রমগুলো সেশন ১-৪ এ করে ফেলা যাবে।<br>২। সেশন ৫-৮ শিক্ষক সহায়িকার সেশন ৮-১১ অনুযায়ী পরিচালিত হবে।<br>৩। সেশন ১২-১৩ এর 'নিজের কল্পনা ও অনুভূতি দিয়ে যে কোনো বিষয়ে গল্প লেখা' এই কার্যক্রম বাড়িতে করতে দিয়ে 'গল্পের বৈশিষ্ট্য খুঁজে বের করা' এবং 'গল্পের বৈশিষ্ট্য অনুযায়ী নিজের লেখা যাচাই করা' কার্যক্রম দুটি একটি সেশনের তথা সেশন ৯ এর মধ্যে সম্পন্ন করা যাবে। | ১৩ | ৯ |
| **শিখন অভিজ্ঞতা ১৬ - প্রবন্ধ** | ১। সেশন ১ এর 'পাঠ্যবইয়ে প্রদত্ত প্রবন্ধ সরবে পাঠ করা' কাজ ১৫-২০ মিনিট সময়ের মধ্যে করে নেওয়া যাবে। এক্ষেত্রে পুরো পাঠটি আগে থেকেই শিক্ষার্থীদের বাড়ি থেকে পড়ে আসতে বলবেন এবং শ্রেণিকক্ষে পুরো পাঠের পরিবর্তে শুধুমাত্র নির্দিষ্ট অংশ সরব পাঠ করাবেন। এতে করে সেশন-১ এর বাকি সময়ে সেশন ২ এর কার্যক্রমটি সম্পন্ন করা যাবে।<br>২। সেশন ২-৩ এর কাজটি সেশন ২ এ সম্পন্ন করা যাবে।<br>৩। সেশন ৪ এর কাজটি সেশন ৩ এ সম্পন্ন করা যাবে।<br>৪। সেশন ৫-৬ এর 'দৈনন্দিন জীবনের অভিজ্ঞতার আলোকে যে কোনো বিষয়ে প্রবন্ধ লেখা' এই কার্যক্রম বাড়িতে করতে দিয়ে 'প্রবন্ধের বৈশিষ্ট্য খুঁজে বের করা' এবং 'প্রবন্ধের বৈশিষ্ট্য অনুযায়ী নিজের লেখা যাচাই করা' কার্যক্রম দুটি একটি সেশনের তথা সেশন ৪ এর মধ্যে সম্পন্ন করা যাবে। দরকার হলে আরেকটি সেশন পর্যন্ত কার্যক্রমটিকে চালিয়ে নেওয়া যেতে পারে। | ৮ | ৫ |
| **শিখন অভিজ্ঞতা ১৭ - নাটক** | ১। সেশন ১-২ এর 'পাঠ্যবইয়ে প্রদত্ত নাটক নীরবে পাঠ করা' কাজটি শিক্ষার্থীদের বাড়ি থেকে করে আসতে বলা যাবে এবং পরবর্তী কার্যক্রম দুটি একটি সেশনের মধ্যে সম্পন করা যাবে। | ৬ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ১৮ - সাহিত্যের নানা রূপ** | শিক্ষক সহায়িকা অনুসারে শ্রেণি কার্যক্রম চলবে। | ৩ | ৩ |
| **শিখন অভিজ্ঞতা ১৯ - প্রশ্ন করতে শেখা** | শিক্ষক সহায়িকা অনুসারে শ্রেণি কার্যক্রম চলবে। | ৪ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ২০ - আলোচনা করতে শেখা** | শিক্ষক সহায়িকা অনুসারে শ্রেণি কার্যক্রম চলবে। | ৩ | ৩ |

<u>সাধারণ নির্দেশনা:</u>

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ বাংলা বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন বাংলার পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।

২। 'নিজে নিজে পড়ি', 'সরবে পড়ি', 'নিরবে পড়ি', 'দলগতভাবে পড়ি' এই ধরণের পাঠগুলো শিক্ষক নিজে পড়ে বুঝিয়ে দিতে পারেন এবং শিক্ষার্থীদের প্রশ্ন করতে পারেন। এতে করে সেশনের সময় কিছুটা সংক্ষেপ করা সম্ভব হবে এবং প্রয়োজনে পরের সেশনের কিছু কাজ আগের এই সময়ে সম্পন্ন করা যাবে। এভাবে শিক্ষকের সুবিধা অনুসারে কিছু কিছু ক্ষেত্রে ৩টি সেশনের কাজ ২টি সেশনের মাঝে সম্পন্ন করে একটি সেশন কমানো যাবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলীয় বাড়ির কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।

৫। শিখন অভিজ্ঞতা অনুযায়ী শ্রেণিকার্যক্রম পরিচালনার জন্য শিক্ষক সহায়িকা অনুসরণ করতে হবে।

# সপ্তম শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **শিখন অভিজ্ঞতা ৯ - প্রায়োগিক লেখা** | ১। সেশন ১-২ এর 'প্রায়োগিক লেখার ধারণা নিয়ে পুনরালোচনা' বাদ দিতে পারেন। একইসাথে 'চিঠি লেখা, পড়া বা এ নিয়ে যে কোনো পূর্ব-অভিজ্ঞতার উপর আলোচনা' এবং 'চিঠি পাঠ ও আবৃত্তি' এই দুটি কাজ একটি সেশনে অর্থাৎ সেশন ১ এ করতে পারবেন।<br>২। সেশন ৩-৪ এর 'চিঠি' রচনার ধারণা ও বিষয়বস্তু নিয়ে আলোচনা এবং 'চিঠি লেখার জন্য বিবেচ্য নিয়ে আলোচনা ও পাঠ্যবইয়ে প্রদত্ত চিঠি বিশ্লেষণ' এই দুটি কাজ একটি সেশনে অর্থাৎ সেশন ২ করতে পারবেন।<br>৩। সেশন ৫-৬ এর কাজ সেশন ৩ এ করতে পারবেন। | ৬ | ৩ |
| **শিখন অভিজ্ঞতা ১০ - বিবরণমূলক লেখা** | ১। সেশন ১-২ এর পিরামিড রচনাটি পাঠ, লেখার ধারণা ও বিষয়বস্তু নিয়ে আলোচনা' এই দুটি কাজ একটি সেশনে করতে পারবেন।<br>২। সেশন ২-৩ এর 'পিরামিড রচনায় লেখকের বক্তব্যের সাথে নিজের ধারণার মিল-অমিল বিশ্লেষণ করা এবং বিবরণমূলক লেখার ধারণা নিয়ে আলোচনা' এই দুটি কাজের জন্য একটি সেশন বরাদ্ধ রাখবেন।<br>৩। সেশন ৫-৬ এর 'নিজের এলাকার অন্তত পঞ্চাশ বছরের পুরানো কোনো স্থাপত্য সম্পর্কে বিবরণমূলক লেখা প্রস্তুত করা'এই কাজটির জন্য একটি সেশন। | ৬ | ৩ |
| **শিখন অভিজ্ঞতা ১১ - তথ্যমূলক লেখা** | ১। সেশন ১-২ এর 'জগদীশচন্দ্র বসু রচনাটি পাঠ, লেখার ধারণা ও বিষয়বস্তু নিয়ে আলোচনা' এই দুটি কাজ একটি সেশনে করতে পারবেন।<br>২। সেশন ৪ এর 'জগদীশচন্দ্র বসু রচনায় লেখকের বক্তব্যের সাথে নিজের ধারণার মিল-অমিল বিশ্লেষণ করা এবং তথ্যমূলক লেখার ধারণা নিয়ে আলোচনা' এই দুটি কাজের জন্য একটি সেশন বরাদ্ধ রাখবেন।<br>৩। সেশন ৫-৬ এর 'নির্দিষ্ট বিষয়ে তথ্য সংগ্রহ করে তথ্যমূলক লেখা প্রস্তুত করা' এই কাজটির জন্য একটি সেশন। | ৬ | ৩ |
| **শিখন অভিজ্ঞতা ১২ - বিশ্লেষণমূলক লেখা** | ১। সেশন ১-২ এর কত কাল ধরে রচনাটি পাঠ, লেখার ধারণা ও বিষয়বস্তু নিয়ে আলোচনা' এই দুটি কাজ একটি সেশনে করতে পারবেন।<br>২। সেশন ৪-৫ এর 'কত কাল ধরে রচনায় লেখকের বক্তব্যের সাথে নিজের ধারণার মিল-অমিল বিশ্লেষণ করা এবং বিশ্লেষণমূলক লেখার ধারণা নিয়ে আলোচনা' এই দুটি কাজের জন্য একটি সেশন বরাদ্ধ রাখবেন।<br>৩। সেশন ৬-৭ এর ছক এবং ছবি বিশ্লেষণের জন্য দুটি পৃথক সেশন রাখবেন। | ৭ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ১৩ - কল্পনানির্ভর লেখা** | ১। সেশন ১-৩ এর 'কল্পনানির্ভর বিষয়ের ধারণা নিয়ে শিক্ষার্থীদের অভিজ্ঞতা ও মতামত, আমড়া ও ক্র্যাব নেবুলা রচনাটি পাঠ, রচনাটির ধারণা ও বিষয়বস্তু নিয়ে আলোচনা' এই তিনটি কাজ একটি সেশনে করতে পারবেন।<br>২। সেশন ৪-৬ এর 'আমড়া ও ক্র্যাব নেবুলা রচনায় লেখকের বক্তব্যের সাথে নিজের ধারণার মিল-অমিল বিশ্লেষণ করা এবং কল্পনানির্ভর লেখার ধারণা নিয়ে আলোচনা' এই দুটি কাজের জন্য একটি সেশন বরাদ্ধ রাখবেন। | ৮ | ৪ |

| | | | |
|---|---|---|---|
| | ৩। সেশন ৭-৮ এর 'কল্পনানির্ভর লেখার বিষয়বস্তু নির্ধারণ এবং কল্পনানির্ভর লেখা প্রস্তুত করা' এই কাজটির জন্য একটি সেশন। | | |
| **শিখন অভিজ্ঞতা ১৪ - কবিতা** | ১। সেশন ১-৩ এর কবিতা পড়ি ১ থেকে ৩' প্রতিটির জন্য 'পাঠ্যবইয়ের কবিতা নীরবে ও সরবে পাঠ করা' এবং 'পাঠ্যবইয়ের কবিতার বিষয় ও মূলভাব চিহ্নিত করে নিজের ভাষায় লেখা' কার্যক্রম দুটি একটি সেশনের মধ্যে সমাপ্ত করা যাবে।<br>২। সেশন ৪-৫ এর কবিতা পড়ি ১ থেকে ৩' প্রতিটির জন্য 'জীবন ও পরিপার্শ্বের সঙ্গে কবিতার সম্পর্ক করা' এবং 'কবিতায় কোন ধরনের আবেগ প্রকাশ পাচ্ছে' এই কাজ দুটি একটি সেশনে সম্পন্ন করা যাবে।<br>৩। সেশন ১৬-১৭ এর কবিতা পড়ি ১ থেকে ৩' প্রতিটির জন্য 'নিজের কল্পনা ও অনুভূতি দিয়ে কবিতা লেখা' এই কার্যক্রম বাড়িতে করতে দিয়ে 'কবিতার বৈশিষ্ট্য খুঁজে বের করা' এবং 'কবিতার বৈশিষ্ট্য অনুযায়ী নিজের লেখা যাচাই করা' কার্যক্রম দুটি একটি সেশনের মধ্যে সম্পন্ন করা যাবে। | ১৭ | ১০ |
| **শিখন অভিজ্ঞতা ১৫ - ছড়া** | ১। সেশন ১-৩ এর 'ছড়ার ধারণা নিয়ে শিক্ষার্থীদের অভিজ্ঞতা ও মতামত, ছড়া পাঠ, ছড়ার বিষয় ও মূলভাব নিয়ে আলোচনা' এই তিনটি কাজ একটি সেশনে করতে পারবেন।<br>২। সেশন ৪-৫ এর 'জীবন ও পরিপার্শ্বের সঙ্গে ছড়ার সম্পর্ক করা' এবং 'ছড়ায় কোন ধরনের আবেগ প্রকাশ পাচ্ছে' এই কাজ দুটি একটি সেশনে সম্পন্ন করা যাবে।<br>৩। সেশন ৬-৭ এর কার্যক্রমগুলোর জন্য আরো দুটি সেশন বরাদ্ধ রাখবেন। | ৮ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ১৬ - গান** | শিক্ষক সহায়িকা অনুসারে শ্রেণি কার্যক্রম চলবে। | ৪ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ১৭ - গল্প** | ১। সেশন ১-২ এর উভয় গল্পের জন্য 'গল্প নীরবে ও সরবে পাঠ করা' কাজ ১৫-২০ মিনিট সময়ের মধ্যে করে নেওয়া যাবে। এক্ষেত্রে পুরো পাঠটি আগে থেকেই শিক্ষার্থীদের বাড়ি থেকে পড়ে আসতে বলবেন এবং শ্রেণিকক্ষে পুরো পাঠের পরিবর্তে শুধুমাত্র নির্দিষ্ট অংশ সরব পাঠ করাবেন।<br>২। সেশন ৪-৫ এর এর উভয় গল্পের জন্য 'জীবন ও পরিপার্শ্বের সঙ্গে গল্পের সম্পর্ক করা' এবং 'গল্পে কোন ধরনের আবেগ প্রকাশ পাচ্ছে' এই কাজ দুটি একটি সেশনে সম্পন্ন করা যাবে।<br>৩। সেশন ১২-১৩ এর 'নিজের কল্পনা ও অনুভূতি দিয়ে যে কোনো বিষয়ে গল্প লেখা' এই কার্যক্রম বাড়িতে করতে দিয়ে 'গল্পের বৈশিষ্ট্য খুঁজে বের করা' এবং 'গল্পের বৈশিষ্ট্য অনুযায়ী নিজের লেখা যাচাই করা' কার্যক্রম দুটি একটি সেশনের মধ্যে সম্পন্ন করা যাবে। | ১৩ | ৯ |
| **শিখন অভিজ্ঞতা ১৮ - প্রবন্ধ** | ১। সেশন ১ এর পাঠ্যবইয়ে প্রদত্ত প্রবন্ধ সরবে পাঠ করা' কাজ ১৫-২০ মিনিট সময়ের মধ্যে করে নেওয়া যাবে। এক্ষেত্রে পুরো পাঠটি আগে থেকেই শিক্ষার্থীদের বাড়ি থেকে পড়ে আসতে বলবেন এবং শ্রেণিকক্ষে পুরো পাঠের পরিবর্তে শুধুমাত্র নির্দিষ্ট অংশ সরব পাঠ করাবেন। সেশনে বাকি সময়ে সেশন ২ এর কার্যক্রমটি সম্পন্ন করা যাবে।<br>২। সেশন ৩-৪ এর কাজ শিক্ষক সহায়িকা অনুযায়ী সেশন ২-৩ এ সম্পন্ন করতে পারবেন।<br>৩। সেশন ৫-৬ এর 'দৈনন্দিন জীবনের অভিজ্ঞতার আলোকে যে কোনো বিষয়ে প্রবন্ধ লেখা' এই কার্যক্রম বাড়িতে করতে দিয়ে 'প্রবন্ধের বৈশিষ্ট্য খুঁজে বের করা' এবং 'প্রবন্ধের বৈশিষ্ট্য অনুযায়ী নিজের লেখা যাচাই করা' কার্যক্রম দুটি একটি সেশনের মধ্যে অর্থাৎ সেশন ৩ সম্পন্ন করা যাবে। | ৬ | ৩ |
| **শিখন অভিজ্ঞতা ১৯ - নাটক** | ১। সেশন ১ এর 'পাঠ্যবইয়ে প্রদত্ত নাটক নীরবে পাঠ করা' কাজটি শিক্ষার্থীদের বাড়ি থেকে করে আসতে বলা যাবে।<br>২। সেশন ২-৩ এর 'নাটকের বিষয়, চরিত্রায়ন, মূলভাব চিহ্নিত করা' 'নাটকের সাথে নিজের জীবন ও পরিপার্শ্বের সম্পর্ক তৈরি এই কার্যক্রম দুটি একটি সেশনের মধ্যে সম্পন করা যাবে।<br>৩। সেশন ৪-৫ এর 'নাটকের বৈশিষ্ট্য খুঁজে বের করা' এবং 'সংলাপ নির্ভর কথোপকথন প্রস্তুত করা' এই দুটি কাজের জন্য একটি সেশন।<br>৪। সেশন ৬-৭ এর সব শেষে 'অভিনয়ের মাধ্যমে 'সেই ছেলেটি' নাটক উপস্থাপন করা' কাজটির প্রস্তুতি ও উপস্থাপনার জন্য একটি সেশন। প্রয়োজন আরেকটি সেশনের কিছু সময় এ কাজের জন্য ব্যবহার করা যেতে পারে। | ৭ | ৪ |
| **শিখন অভিজ্ঞতা ২০ - সাহিত্যের নানা রূপ** | শিক্ষক সহায়িকা অনুসারে শ্রেণি কার্যক্রম চলবে। | ৩ | ৩ |

| | | | |
|---|---|---|---|
| **শিখন অভিজ্ঞতা ২১ - প্রশ্ন করতে শেখা** | শিক্ষক সহায়িকা অনুসারে  শ্রেণি কার্যক্রম চলবে। | ৫ | ৫ |
| **শিখন অভিজ্ঞতা ২২ - সমালোচনা করতে শেখা** | শিক্ষক সহায়িকা অনুসারে  শ্রেণি কার্যক্রম চলবে। | ৪ | ৪ |

সাধারণ নির্দেশনা:

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ ডিজিটাল প্রযুক্তি বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন ডিজিটাল প্রযুক্তির পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।

২। 'নিজে নিজে পড়ি', 'সরবে পড়ি', 'নিরবে পড়ি', 'দলগতভাবে পড়ি' এই ধরণের পাঠগুলো শিক্ষক নিজে পড়ে বুঝিয়ে দিতে পারেন এবং শিক্ষার্থীদের প্রশ্ন করতে পারেন। এতে করে সেশনের সময় কিছুটা সংক্ষেপ করা সম্ভব হবে এবং প্রয়োজনে পরের সেশনের কিছু কাজ আগের এই সময়ে সম্পন্ন করা যাবে। এভাবে শিক্ষকের সুবিধা অনুসারে কিছু কিছু ক্ষেত্রে ৩টি সেশনের কাজ ২টি সেশনের মাঝে সম্পন্ন করে একটি সেশন কমানো যাবে।

৩। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলীয় বাড়ির কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।

৪। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।

৫। শিখন অভিজ্ঞতা অনুযায়ী শ্রেণিকার্যক্রম পরিচালনার জন্য শিক্ষক সহায়িকা অনুসরণ করতে হবে।